# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৭৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৭৯]

পর্ব-১৯ : উভয় ঈদের সালাত (كتاب صلاة العيدين)

পরিচ্ছেদঃ ২২: খুৎবাহ্ কিরূপ?

## باب كَيْفَ الْخُطْبَةُ

আরবী

أَخْبَرَنَا عُتْبَةُ بْنُ عَبْدِ اللَّهِ، قال: أَنْبَأَنَا ابْنُ الْمُبَارَكِ، عَنْ سُفْيَانَ، عَنْ جَعْفَرِ بْنِ مُحَمَّدٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قال: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ فِي خُطْبَتِهِ يَحْمَدُ اللَّهَ وَيُثْنِي عَلَيْهِ بِمَا هُوَ أَهْلُهُ، ثُمَّ يَقُولُ: مَنْ يَهْدِهِ اللَّهُ فَلَا مُضِلَّ لَهُ وَمَنْ يُضْلِلْهُ فَلَا هَادِيَ لَهُ، إِنَّ أَصْدَقَ الْحَدِيثِ كِتَابُ اللَّهِ، وَأَحْسَنَ الْهَدْيِ هَدْيُ مُحَمَّدٍ، وَشَرُّ الْأُمُورِ مُحْدَثَاتُهَا، وَكُلُّ مُحْدَثَةٍ بِدْعَةٌ وَكُلُّ بِدْعَةٍ ضَلَالَةٌ وَكُلُّ ضَلَالَةٍ فِي النَّارِ ، ثُمَّ يَقُولُ: بُعِثْتُ أَنَا وَالسَّاعَةَ كَهَاتَيْنِ وَكَانَ إِذَا ذَكَرَ السَّاعَةَ احْمَرَّتْ وَجْنَتَاهُ وَعَلَا صَوْتُهُ وَاشْتَدَّ غَضَبُهُ كَأَنَّهُ نَذِيرُ جَيْشٍ يَقُولُ: صَبَّحَكُمْ مَسَّاكُمْ، ثُمَّ قَالَ: مَنْ تَرَكَ مَالًا فَلِأَهْلِهِ وَمَنْ تَرَكَ دَيْنًا أَوْ ضَيَاعًا فَإِلَيَّ أَوْ عَلَيَّ، وَأَنَا أَوْلَى بِالْمُؤْمِنِينَ .

تخريج دارالدعوه: صحيح مسلم/الجمعة ١٣ (٨٦٧)، سنن ابن ماجہ/المقدمة ٧ (٤٥)، مسند احمد ٣/٣١٠، ٣١١، ٣١٩، ٣٣٧، ٣٧١، سنن الدارمی/المقدمة ٢٣ (٢١٢)، (تحفة الأشراف: ٢٥٩٩) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1579 - صحيح

বাংলা

১৫৭৮. 'উতবাহ্ ইবনু আবদুল্লাহ (রহ.) ..... জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ (সা.) তাঁর খুৎবায় বলতেন। তিনি আল্লাহ তা'আলার যথাযোগ্য প্রশংসা এবং গুণ বর্ণনা করতেন। অতঃপর বলতেন -

“মাই ইয়াহদিহিল্লা-হু ফালা- মুযিল্লা লাহু ওয়ামাই ইউযলিলহু ফালা- হা-দিয়া লাহু ইন্না আসদাকল হাদীসি কিতা-বুল্ল-হি ওয়া আহসানাল হাদয়ি হাদয়ু মুহাম্মাদিওঁ ওয়া শাররিল উমূরি মুহদাসা-তুহা- ওয়া কুল্লা মুহদাসাতিন বিদ’আতুন ওয়া কুল্লা বিদ'আতিন যলা-লাতুন ওয়া কল্লা যলা-লাতিন ফিননা-র” (আল্লাহ যাকে হিদায়াত করেন তাকে ভ্রষ্টকারী কেউ নেই। আর তিনি যাকে ভ্রষ্ট করেন তার কোন হিদায়াতকারী নেই। সবচাইতে সত্য কথা আল্লাহর কিতাব। সর্বোত্তম পথ মুহাম্মাদ (সা.) -এর দেখানো পথ। নিকৃষ্ট কাজ [দ্বীনের মধ্যে] নতুন আবিষ্কার আর কর্মের মধ্যে সকল নতুন আবিষ্কার বিদ্আত আর সকল বিদআতের পরিণতি জাহান্নাম।)
অতঃপর বলতেন- بُعِثْتُ أَنَا وَالسَّاعَةُ كَهَاتَيْنِ “আমি প্রেরিত হয়েছি এমন অবস্থায় যে, আমি ও কিয়ামত- এ দু'টি আঙ্গুল তর্জনী ও মধ্যমার মতো।" (অর্থাৎ, আমার পরে প্রেরিতরূপে আর কোন নবী আসবে না, এভাবে আমি কিয়ামাতের নিকটবর্তী নবীরূপে প্রেরিত হয়েছি।)
আর যখন তিনি কিয়ামাতের উল্লেখ করতেন, তাঁর গণ্ডদ্বয়ের উপরিভাগ লাল হয়ে যেত এবং আওয়াজ উচ্চ হয়ে যেত, তাঁর রাগ বেড়ে যেত যেন তিনি কোন সৈন্য বাহিনীকে সাবধান করে দিতেছেন। তিনি বলতেন, শত্রুবাহিনী তোমাদের ওপর সকাল অথবা সন্ধ্যায় আক্রমণ করতে পারে। অতঃপর বলতেন, যে ব্যক্তি কোন সম্পত্তি ছেড়ে মারা যাবে তা তার পরিবারবর্গের জন্যে, আর যে ব্যক্তি কোন ঋণ অথবা নিঃসম্বল সন্তান-সন্ততি রেখে মারা যাবে তার সমুদয় দায়-দায়িত্ব আমার ওপর বর্তাবে। আর আমি মু'মিনদের জন্যে উত্তম অভিভাবক।

## English

How the Khutbah is to be delivered

It was narrated that Jabir bin 'Abdullah said: In his Khutbah the Messenger of Allah (ﷺ) used to praise Allah as He deserves to be praised, then he would say: 'Whomsoever Allah (SWT) guides, none can lead him astray, and whomsoever Allah sends astray, none can guide. The truest of word is the Book of Allah and best of guidance is the guidance of Muhammad. The worst of things are those that are newly invented; every newly-invented thing is an innovation and every innovation is going astray, and every going astray is in the Fire.' Then he said: 'The Hour and I have been sent like these two.' Whenever he mentioned the Hour, his cheeks would turn red, and he would raise his voice and become angry, as if he were warning of an approaching army and saying: 'An army is coming to attack you in the morning, or in the evening!' (Then he said): 'Whoever leaves behind wealth, it is for his family, and whoever leaves behind a debt or dependents, then these are my responsibility, and I am the most entitled to take care of the believers.'

## ফুটনোট

সহীহঃ মুসলিম ৮৬৭-৮৬৮, আবু দাউদ ২৯৫৪, ইবনু মাজাহ ৪৫, ২৪১৬; সহীহ ইবনু খুযায়মাহ ১৭৮৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90074

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন